



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৮২

তারিখ: ৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: এ বোর্ড হতে ২৩-০১-২০২৩ খ্রি. তারিখে ৩৭.১১.৪০৪১.৪৪১.১১.০০১.২০.১৪৬২ নং স্মারকে অনুমোদিত গভর্ণিং
বডি বাতিল করা প্রসঙ্গে

সূত্র: জেলা প্রশাসক, ঝিনাইদহ-এর তদন্ত প্রতিবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ মাগুরা সম্মিলিত কলেজ, সদর, ঝিনাইদহ। ঝিনাইদহ মাগুরা সম্মিলিত কলেজের চলমান গভর্ণিং বডির অনিয়ম, দুর্নীতির বিরুদ্ধে, মোঃ চৌধুর আলী, পিতাঃ-মৃত মোঃ নাসিরউদ্দিন মোল্লা-৫০০০/(পাঁচ হাজার) টাকা ফিস ও প্রয়োজনীয় কাগজসহ আবেদন দাখিল করেন। অভিযোগের সংশ্লিষ্ট বিষয়গুলি তদন্তপূর্বক এক কপি প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলা প্রশাসক, ঝিনাইদহ-কে অনুরোধ করা হয়। জেলা প্রশাসক, ঝিনাইদহ তদন্তপূর্বক এক কপি প্রতিবেদন প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদনের আলোকে দেখা যায় যে, সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ অসত্য তথ্য প্রেরণের মাধ্যমে যশোর শিক্ষা বোর্ডকে বিভ্রান্ত করেছেন। এমতাবস্থায়, এ বোর্ড হতে ২৩-০১-২০২৩ খ্রি. তারিখে ৩৭.১১.৪০৪১.৪৪১.১১.০০১.২০.১৪৬২ নং স্মারকে অনুমোদিত কমিটি এতদ্বারা বাতিল করা হলো এবং পরবর্তী গভর্ণিং বডি গঠনের লক্ষ্যে প্রবিধানমালা, ২০২৪ এর ধারা-৬৪ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য বলা হলো।

২৪-১০-২০২৪
সমীর কুমার কুন্ডু
কলেজ পরিদর্শক
০২৪৭৭৬২৬৯৮
ic@jessoreboard.gov.bd

অধ্যক্ষ, ঝিনাইদহ মাগুরা সম্মিলিত কলেজ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৮২/১ (৩)

তারিখ: ৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর এবং
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ঝিনাইদহ।



সমীর

২৪-১০-২০২৪
সমীর কুমার কুন্ডু
কলেজ পরিদর্শক